**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 19-06-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM-VBRY :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে এক বিশেষ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বিকশিত ভারত রোজগার যোজনার আওতায় ২ হাজার ৪০০ কোটি টাকার উৎসাহ বর্ধক আর্থিক সহায়তা প্রদান করবেন। কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী ড. মনসুখ মান্ডভিয়া জানিয়েছেন, গত বছরের আগস্ট মাস থেকে PM-VBRY-র আওতায় ৬৩ লক্ষেরও বেশি কর্মীকে আনুষ্ঠানিক কর্মসংস্থানে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং তাঁদের মধ্যে প্রায় ৩০ শতাংশই মহিলা। তিনি জানান, এই কর্মসূচির মাধ্যমে ১৫ লক্ষেরও বেশি সুবিধাভোগীর অ্যাকাউন্টে 'ডাইরেক্ট বেনিফিট ট্রান্সফার' (সরাসরি সুবিধা হস্তান্তর)-এর মাধ্যমে ইনসেনটিভের টাকা পৌঁছে দেওয়া হবে।

******************

**NEET-UG :**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান নতুনদিল্লিতে গতকাল এক উচ্চ পর্যায়ের বৈঠকে আগামী ২১শে জুন অনুষ্ঠিতব্য নিট-ইউজি পরীক্ষা প্রক্রিয়ায় সততা ও স্বচ্ছতা বজায় রাখার জন্য আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। বৈঠকে শিক্ষা মন্ত্রক, রাজ্য সরকার, এনটিএ এবং উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানের বরিষ্ঠ আধিকারিকরা অংশ নেন। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান রাজ্যগুলির নোডাল অফিসারদের নির্দেশ দেন, পরীক্ষার্থীরা যেন মানসিক চাপমুক্ত পরিবেশে পুনরায় পরীক্ষায় অংশ নেওয়ার জন্য প্রয়োজনীয় সব সুযোগ-সুবিধা পায়।

*********************

**Neet UG-DM** :

এদিকে পশ্চিম ত্রিপুরা জেলা শাসক ডা: বিশাল কুমার গতকাল আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন আগামী ২১ জুন রাজ্যের ১০ টি কেন্দ্রে নীট ইউ জি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এরমধ্যে ধলাই জেলায় একটি এবং পশ্চিম ত্রিপুরা জেলায় থাকবে ৯টি কেন্দ্র। সুষ্ঠু ও স্বচ্ছভাবে পরীক্ষা পরিচালনার লক্ষ্যে রাজ্য সরকার সর্বোচ্চ স্তরের নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে৷ তিনি জানান, দুপুর ২টা থেকে বিকেল ৫টা ১৫ মিনিট পর্যন্ত চলবে পরীক্ষা।

*********************

**PM Modi at VivaTech 2026:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্যারিসে ভিভাটেক ২০২৬ শীর্ষ সম্মেলনে ভারতকে উদ্ভাবন ও প্রযুক্তির একটি আন্তর্জাতিক কেন্দ্র হিসেবে তুলে ধরেছেন। প্রধানমন্ত্রী গতকাল তাঁর ভাষণে বলেন, ভারত বিগত দশক জুড়ে প্রযুক্তি-ভিত্তিক রূপান্তরের মধ্য দিয়ে যাচ্ছে। তিনি বলেন, ভারত আর্থিক অন্তর্ভুক্তি, শিক্ষা, টেলিমেডিসিন, কৃষি এবং আরও অনেক ক্ষেত্রে ব্যাপকভাবে প্রযুক্তি ব্যবহার করছে। ভারত বিশ্বের বৃহত্তম ডিজিটাল পরিচয় ব্যবস্থা এবং বিশ্বের বৃহত্তম ডিজিটাল পেমেন্ট প্ল্যাটফর্ম তৈরি করেছে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

*****************************

**Khet Bachao Abhiyan :**

প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্য সরকার কৃষকদের কল্যাণের বিষয়কে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কাজ করছে। তিনি বলেন, কৃষিকে লাভজনক পেশায় পরিণত করার লক্ষ্যে আধুনিক প্রযুক্তির ব্যবহার, উন্নত

মানের বীজ সরবরাহ, সেচ ব্যবস্থার সম্প্রসারণ এবং প্রশিক্ষণ কর্মসূচির ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। ধলাই জেলার সালেমা টাউন হলে গতকাল কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর এবং ধলাই জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে "ক্ষেত বাঁচাও অভিযান" ও "প্রাকৃতিক চাষ" বিষয়ক একদিনের প্রশিক্ষণ কর্মশালায় তিনি একথা বলেন।

**********************

## Khet Bachao Abhiyan-Khowai :

ভারতীয় কৃষি গবেষণা পরিষদ, দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্র এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের যৌথ উদ্যোগে কল্যাণপুরের শান্তিনগর ভূমিহীন কলোনিতে ক্ষেত বাঁচাও অভিযানের অঙ্গ হিসেবে প্রাকৃতিক চাষাবাদের উপর গতকাল একদিনের এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় বিধায়ক পিনাকী দাস চৌধুরী, ভারতীয় কৃষি গবেষণা পরিষদের যুগ্ম অধিকর্তা বি-ইউ-চৌধুরী, দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রের বরিষ্ঠ বিজ্ঞানী মনোজ সিং সাচান প্রাকৃতিক চাষাবাদের সুফল নিয়ে বিস্তারিত আলোচনা করেন৷

******************

## Exhibition :

শিল্প ও বাণিজ্য মন্ত্রী শান্তনা চাকমা আগরতলার ভগৎ সিং যুব আবাসে গতকাল বিষ্ণুপ্রিয়া মণিপুরি সংগঠনের তিন দিনব্যাপী প্রদর্শনী ও সাংস্কৃতিক কর্মসূচির সূচনা করেন| তিনি বলেন, মানসিক ও আধ্যাত্মিক শান্তি অর্জনে সংস্কৃতি সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং রাজ্যের ঐতিহ্যবাহী মিশ্র সংস্কৃতিকে বিশ্বের সামনে তুলে ধরার জন্য উদ্যোগ নেওয়া উচিত।

*********************

## ICAR Training :

মাছ চাষে মৎস্য চাষীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দক্ষিণ জেলা কৃষি উৎকর্ষ কেন্দ্রে গতকাল পাটনার ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদের পূর্বাঞ্চলীয় গবেষণা কেন্দ্রের উদ্যোগে এবং দক্ষিণ জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রের ব্যবস্হাপনায়-গ্রামীণ মহিলাদের নেতৃত্বে মাছ ও উদ্যানভিত্তিক চাষ নিয়ে প্রশিক্ষনের আয়োজন করা হয়। উদ্বোধন করেন দক্ষিণ জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত।

********************

**Bharat Buildcon 2026:**

আবাসন ও নগর বিষয়ক মন্ত্রী মনোহর লাল এবং বাণিজ্য ও শিল্প প্রতিমন্ত্রী জিতিন প্রসাদ গতকাল নয়াদিল্লিতে 'ভারত বিল্ডকন ২০২৬ – এক দেশ, এক এক্সপো'-র উদ্বোধন করেছেন। ভারত বিল্ডকন হলো নির্মাণ সামগ্রী এবং নির্মাণ শিল্পের জন্য একটি প্রদর্শনী। শ্রী প্রসাদ তাঁর ভাষণে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে সমর্থন এবং আন্তর্জাতিক বাজারে ভারতীয় শিল্পের জন্য সুযোগ সম্প্রসারণে মুক্ত বাণিজ্য চুক্তির (এফটিএ) ভূমিকার ওপর আলোকপাত করেন।

**********************

**FIFA world cup:**

২০২৬ ফিফা বিশ্বকাপে চেকিয়া ও দক্ষিণ আফ্রিকার মধ্যে ম্যাচটি ১-১ গোলে ড্র হয়েছে। অন্য খেলায় সুইজারল্যান্ড ৪-১ গোলে পরাজিত করেছে বসনিয়া ও হার্জেগোভিনাকে। কানাডা ৬-0 গোলের বড় ব্যবধানে হারিয়েছে কাতারকে। এদিকে মেক্সিকো ও দক্ষিণ কোরিয়ার মধ্যে খেলাটি আজ সকাল সাড়ে ছটায় শুরু হয়েছে |

****************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানানো হয়েছে। এছাড়া পশ্চিম, খোয়াই এবং ধলাই জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতাও জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.১ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ছিল ৫০.২ মিলিমিটার|

*********************

*******************